গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
উপবৃত্তি শাখা
বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd

**স্মারক নম্বর:** ৩৭.২৪.০০০০.০০০.০০৩.৭৫.০০০২.২০.১৩

তারিখ: ২৭ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ
১০ এপ্রিল ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: **উচ্চ মাধ্যমিক একাদশ ও সমমান শ্রেণিতে ২০২৪-২৫ শিক্ষাবর্ষে শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তিকৃত/অধ্যয়নরত অসচ্ছল পরিবারের মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণে ভর্তি সহায়তার অনলাইন আবেদনের সময় বৃদ্ধির বিজ্ঞপ্তি।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, কারিগরি শিক্ষা অধিদপ্তর এবং মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের অধীন বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ২০২৪-২৫ শিক্ষাবর্ষে উচ্চ মাধ্যমিক একাদশ ও সমমান শ্রেণিতে ভর্তিকৃত/অধ্যয়নরত অসচ্ছল পরিবারের মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক ২০২৪-২৫ অর্থবছরে ভর্তি সহায়তা প্রদানের লক্ষ্যে ০৫ মার্চ ২০২৫ খ্রি. থেকে ১০ এপ্রিল ২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত https://www.eservice.pmeat.gov.bd/admission -এ লিংকে প্রবেশ করে অনলাইনে আবেদন আহবান করা হয়।

২। এমতাবস্থায়, উচ্চ মাধ্যমিক একাদশ ও সমমান শ্রেণিতে ২০২৪-২৫ শিক্ষাবর্ষে ভর্তিকৃত/অধ্যয়নরত অসচ্ছল পরিবারের মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণে ভর্তি সহায়তার অনলাইন আবেদনের সময় **১০ এপ্রিল ২০২৫ খ্রি. তারিখের পরিবর্তে ২৪ এপ্রিল ২০২৫ খ্রি. তারিখ রাত ১১:৫৯ মিনিট পর্যন্ত** নির্দেশক্রমে বৃদ্ধি করা হ'ল।

**সকল সংযুক্তিসমূহ:**

(১) দরিদ্র ও মেধাবীর শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণে ভর্তি সহায়তা প্রদান নির্দেশিকা, ২০২০
(২) ই-ভর্তি সহায়তা সিস্টেম ব্যবহার নির্দেশিকা

১০-০৪-২০২৫
মোহাম্মদ আনোয়ার হোসেন সোহাগ
সহকারী পরিচালক
০২-৫৫০০০৪২৮
ad.stipend@pmeat.gov.bd

উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল) (আওতাধীন সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠানসমূহে পত্রটি প্রেরণের অনুরোধসহ)।

**স্মারক নম্বর:** ৩৭.২৪.০০০০.০০০.০০৩.৭৫.০০০২.২০.১৩/১ (১৭)

তারিখ: ২৭ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ
১০ এপ্রিল ২০২৫ খ্রিস্টাব্দ

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
২। সচিব, সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
৩। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর , মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।
৪। মহাপরিচালক (অতিরিক্ত সচিব) , মহাপরিচালক এর দপ্তর , মাদরাসা শিক্ষা অধিদপ্তর।
৫। মহাপরিচালক (অতিরিক্ত সচিব), মহাপরিচালক-এর দপ্তর, কারিগরি শিক্ষা অধিদপ্তর।
৬। সকল জেলা প্রশাসক।
৭। সকল কর্মকর্তা, পিএমইএটি/এই্চএসপি, ধানমন্ডি, ঢাকা।
৮। অধ্যক্ষ, সংশ্লিষ্ট সকল সরকারি/বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান।
৯। জেলা, শিক্ষা অফিসার (সকল)।
১০। সকল উপজেলা নির্বাহী অফিসার।
১১। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ই. এম. আই. এস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১২। সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৩। সিস্টেম এনালিষ্ট, আইসিটি অধিশাখা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৪। প্রোগ্রামার, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।
১৫। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৬। ব্যক্তিগত সহকারী, ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট।
১৭। ব্যক্তিগত সহকারী, পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট।

১০-০৪-২০২৫
মোহাম্মদ আনোয়ার হোসেন সোহাগ
সহকারী পরিচালক

# দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণে আর্থিক সহায়তা প্রদান নির্দেশিকা, ২০২০

প্রধানমন্ত্রীর
শিক্ষা সহায়তা ট্রাস্ট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd

নং-৩৭.২৪.০০০০.০০১.২২.০০২.১৮-৫৫

তারিখ: ১০ ফাল্গুন ১৪২৭ বঙ্গাব্দ
২৩ ফেব্রুয়ারি ২০২১ খ্রিস্টাব্দ

**বিষয়: "দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণে আর্থিক সহায়তা প্রদান নির্দেশিকা, ২০২০"।**

অর্থের অভাবে শিক্ষার সুযোগ বঞ্চিত দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা নিশ্চিত করা প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের লক্ষ্য। বর্তমানে ট্রাস্টের মাধ্যমে শিক্ষার্থীদের বিভিন্ন ধরণের আর্থিক সহায়তা প্রদান করা হচ্ছে। বিশেষ করে, অর্থের অভাবে যে সকল দরিদ্র ও মেধাবী শিক্ষার্থী শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হতে পারেন না, তাদের ট্রাস্টের অর্থে ভর্তি নিশ্চিতকরণে আর্থিক সহায়তা প্রদান করা হচ্ছে। এ কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য নিম্নোক্ত নির্দেশিকা (guideline) জারি করা হলো:

২। **শিরোনাম:** এ নির্দেশিকা "দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণে আর্থিক সহায়তা প্রদান নির্দেশিকা, ২০২০" নামে অভিহিত হবে।

৩। **প্রয়োগ ও প্রবর্তন:**

ক) এ নির্দেশিকা জারির তারিখ হতে কার্যকর হবে;

খ) ৬ষ্ঠ থেকে স্নাতক ও সমমান পর্যায়ের দরিদ্র ও মেধাবী ভর্তিচ্ছু শিক্ষার্থীদের জন্য এ নির্দেশিকা প্রযোজ্য হবে।

৪। **সংজ্ঞা:** বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকলে এ নির্দেশিকায়:

ক) 'বাছাই কমিটি' অর্থ - আর্থিক সহায়তা প্রদানের জন্য প্রাপ্ত আবেদনপত্র বাছাইয়ের লক্ষ্যে এ নির্দেশিকার ৯ নং অনুচ্ছেদ অনুযায়ী গঠিত কমিটি;

খ) 'আর্থিক সহায়তা' অর্থ - এ নির্দেশিকায় বর্ণিত ভর্তিচ্ছু শিক্ষার্থীদেরকে প্রদত্ত আর্থিক অনুদান;

গ) 'শিক্ষার্থী' অর্থ - ৬ষ্ঠ থেকে স্নাতক ও সমমান পর্যায়ের ভর্তিচ্ছু শিক্ষার্থী;

ঘ) 'আবেদনপত্র' অর্থ - ট্রাস্ট কর্তৃক আবেদনের নির্ধারিত ফরম;

ঙ) 'দরিদ্র' অর্থ - ৬ষ্ঠ থেকে স্নাতক ও সমমান পর্যায়ের শিক্ষার্থীর মধ্যে যাদের পিতা/মাতা/অভিভাবকের বার্ষিক আয় দুইলক্ষ টাকার কম (বেসামরিক চাকুরীজীবী পিতা/মাতা/অভিভাবকের ক্ষেত্রে 'জাতীয় বেতন স্কেল, ২০১৫' অনুযায়ী গ্রেড ১৩ থেকে ২০);

চ) 'মেধাবী' অর্থ - পূর্বের শ্রেণিতে শতকরা ন্যূনতম ৬০ ভাগ নম্বরপ্রাপ্ত শিক্ষার্থী; এবং

ছ) 'কর্তৃপক্ষ' অর্থ - প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক।

৫। **তহবিল গঠন:** ট্রাস্টের অর্থে দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের ভর্তির সুযোগ করে দেয়ার লক্ষ্যে প্রাথমিক পর্যায়ে ট্রাস্টের এফডিআরকৃত অর্থের সুদ/লভ্যাংশের অর্থ থেকে ৫০ (পঞ্চাশ) কোটি টাকা বর্তমানে পরিচালিত ("PMEAT POOR & BRILLIANT STUDENTS ASSISTANCE FUND") তহবিলে যুক্ত হবে। পরবর্তীতে প্রাপ্ত যে কোনো অনুদানের অর্থ, দানবীর/সমাজ হিতৈষী কোনো ব্যক্তির আর্থিক অনুদান এবং ট্রাস্ট তহবিলের সুদ/লভ্যাংশের অর্থ এ তহবিলে যুক্ত হবে।

৬। **তহবিল পরিচালনা ও ব্যবস্থাপনা:** ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের একক স্বাক্ষরে এ তহবিল পরিচালিত হবে। আবেদন প্রাপ্তির পর যাচাই-বাছাই করে উপযুক্ত বিবেচিত হলে মাধ্যমিক ও সমমান পর্যায়ে শিক্ষার্থী প্রতি ৫,০০০ (পাঁচ হাজার) টাকা, উচ্চ মাধ্যমিক ও সমমান পর্যায়ে ৮,০০০ (আট হাজার) টাকা এবং স্নাতক ও সমমান পর্যায়ের শিক্ষার্থীদের ১০,০০০ (দশ হাজার) টাকা হারে ভর্তির জন্য আর্থিক সহায়তা প্রদান করা হবে। উক্ত সহায়তার অর্থ এফডিআরকৃত ৫০ (পঞ্চাশ) কোটি টাকার সুদ/লভ্যাংশ থেকে প্রদান করা হবে।

৭। **আর্থিক সহায়তা প্রাপ্তির শর্তাবলি:**

ক) প্রজাতন্ত্রের বেসামরিক কর্মে নিয়োজিত সকল সরকারি-আধাসরকারি-স্বায়ত্তশাসিত দপ্তর ও সাংবিধানিক প্রতিষ্ঠানে কর্মরত 'জাতীয় বেতন স্কেল, ২০১৫' অনুযায়ী ১৩ থেকে ২০তম গ্রেডের সকল কর্মচারীর সন্তান আর্থিক অনুদান প্রাপ্তির যোগ্য বিবেচিত হবে;

খ) অন্যান্য ক্ষেত্রে পিতা/মাতা/অভিভাবকের বাৎসরিক আয় দুইলক্ষ টাকার কম হতে হবে;

গ) প্রতিবন্ধী শিক্ষার্থী, এতিম শিক্ষার্থী, ভূমিহীন পরিবারের সন্তান, অস্বচ্ছল মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তান, প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত এবং দুস্থ পরিবারের সন্তান আর্থিক সহায়তা প্রাপ্তির ক্ষেত্রে অগ্রাধিকার পাবে; এবং

ঘ) গণমাধ্যমে প্রকাশিত/প্রচারিত 'অদম্য মেধাবী' শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি সহায়তা প্রদানের জন্য ট্রাস্ট স্ব-উদ্যোগে ব্যবস্থা গ্রহণ করবে।

৮। **বাস্তবায়ন প্রক্রিয়া:**

ক) শিক্ষার্থী যে শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হবেন, সে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে ট্রাস্ট কর্তৃক নির্ধারিত ফরমে আবেদন করবেন। আবেদনপত্রের সাথে 'শিক্ষার্থী মেধাবী' মর্মে শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রত্যয়নপত্র সংযুক্ত থাকবে;

খ) প্রজাতন্ত্রের বেসামরিক কর্মে নিয়োজিত সকল সরকারি-আধাসরকারি-স্বায়ত্তশাসিত দপ্তর ও সাংবিধানিক প্রতিষ্ঠানে কর্মরত কর্মচারীর সন্তানগণ আবেদনপত্রের সাথে অফিস প্রধান কর্তৃক প্রদত্ত পিতা/মাতা/অভিভাবকের বেতনের গ্রেড সংক্রান্ত প্রত্যয়ন সংযুক্ত করবেন। এছাড়া, অন্যান্য শিক্ষার্থীর ক্ষেত্রে শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত শিক্ষার্থীর 'পিতা/মাতা/অভিভাবক দরিদ্র' মর্মে প্রত্যয়ন সংযুক্ত করতে হবে;

গ) আবেদনকারী ট্রাস্ট কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করবেন;

ঘ) আবেদনকারী সর্বশেষ যে শ্রেণি বা পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন তার সত্যায়িত নম্বরপত্র সংযুক্ত করতে হবে; এবং

ঙ) আবেদন প্রাপ্তির পর বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে কর্তৃপক্ষ শিক্ষার্থীকে আর্থিক সহায়তা প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করবেন। আর্থিক সহায়তা প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

৯। **বাছাই কমিটি:**

আবেদনপত্রসমূহ যাচাই-বাছাইয়ের জন্য নিম্নোক্তভাবে কমিটি থাকবে:

| | |
|---|---|
| ক) পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট | -সভাপতি |
| খ) উপ-পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট | -সদস্য |
| গ) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের উপসচিব পর্যায়ের ০১ জন প্রতিনিধি | -সদস্য |
| ঘ) বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এর উপপরিচালক পর্যায়ের ০১ জন প্রতিনিধি | -সদস্য |
| ঙ) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা-র উপপরিচালক পর্যায়ের ০১ জন প্রতিনিধি | -সদস্য |
| চ) মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা-র উপপরিচালক পর্যায়ের ০১ জন প্রতিনিধি | -সদস্য |
| ছ) মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা-র উপপরিচালক পর্যায়ের ০১ জন প্রতিনিধি | -সদস্য |
| জ) সহকারী পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট | -সদস্য সচিব |

১০। **বাছাই কমিটির কার্যপরিধি:**

ক) বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান থেকে প্রাপ্ত সকল আবেদনপত্র নির্দেশিকার আওতায় যাচাই-বাছাই করে আর্থিক সহায়তা প্রাপ্তির জন্য যোগ্য ও অযোগ্য শিক্ষার্থীর তালিকা প্রস্তুত করা;

খ) কোনো আবেদনপত্রে আবেদনকারী বা শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের ইচ্ছাকৃত কোনো ত্রুটি পরিলক্ষিত হলে তা তাৎক্ষণিকভাবে চিহ্নিত করে দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য কর্তৃপক্ষ বরাবর সুপারিশ প্রণয়ন করা;

গ) অনিচ্ছাকৃত বা লঘু ত্রুটির ক্ষেত্রে সংশোধনযোগ্য আবেদনপত্রসমূহ চিহ্নিত করে পরবর্তী কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য যথাযথ কর্তৃপক্ষের নিকট পেশ করা; এবং

ঘ) ব্যবস্থাপনা পরিচালক প্রতি শিক্ষাবর্ষে অন্তত ০৩টি সভা আহবান করবেন।

১১। **ভর্তি সহায়তা প্রদান প্রক্রিয়া:**

ক) আর্থিক সহায়তার অর্থ শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/পিতা-মাতা-অভিভাবক/শিক্ষার্থী বরাবর প্রদান করা হবে;

খ) এ অর্থ অনলাইন/মোবাইল ব্যাংকিংয়ের মাধ্যমে প্রদান করা হবে; এবং

গ) শিক্ষা প্রতিষ্ঠান প্রধান ভর্তি সহায়তার অর্থ বিতরণের প্রমাণক ট্রাস্টে প্রেরণ করবেন।

১২। ভর্তি সহায়তা প্রদানের হার:

ক) প্রত্যেক উপজেলা/শিক্ষা থানা এলাকায় প্রতি শিক্ষাবর্ষে ৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণি ও সমমান পর্যায়ের সর্বোচ্চ ০৫ (পাঁচ) জন, একাদশ-দ্বাদশ শ্রেণি ও সমমান পর্যায়ের সর্বোচ্চ ০২ (দুই) জন ভর্তি সহায়তা প্রদান করা হবে; এবং

খ) স্নাতক ও সমমান পর্যায়ের ক্ষেত্রে ১২(ক)-এ বর্ণিত শর্ত প্রযোজ্য হবে না।

১৩। সংশোধনী:

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের ট্রাস্টি বোর্ড প্রয়োজন মনে করলে এ নির্দেশিকার যে কোন অংশ সংশোধন, পরিমার্জন ও পরিবর্ধন করতে পারবে। নির্দেশিকায় কোন বাক্য বা শব্দের অস্পষ্টতা থাকলে বা কোন ব্যাখ্যার প্রয়োজন হলে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট ব্যাখা প্রদান করবে।

১৪। এ নির্দেশিকা জারির তারিখ হতে ইতোপূর্বে জারিকৃত "দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণে আর্থিক সহায়তা নীতিমালা, ২০১৫" বাতিল বলে গণ্য হবে।

২৫.০২.২০২১

(নাসরীন আফরোজ)
ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব)

নং-৩৭.২৪.০০০০.০০১.২২.০০২.১৮-৫৫

তারিখ: ১০ ফাল্গুন ১৪২৭ বঙ্গাব্দ
২৩ ফেব্রুয়ারি ২০২১ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩. সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৪. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সচিব, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. অতিরিক্ত সচিব (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. অতিরিক্ত সচিব (সকল), কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. বিভাগীয় কমিশনার, ……… .......(সকল)।
৯. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
১০. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
১১. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, নিউ বেইলি রোড, ঢাকা।
১২. জেলা প্রশাসক, ……….......... (সকল)।
১৩. অধ্যক্ষ, ……….......... (সকল)।
১৪. উপ-পরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (Establishment Division-এর ০৭/১২/১৯৭৩-এর Memo no. G-II/1G-1/73-514-এর Office Memorandum মোতাবেক গেজেটে প্রকাশের জন্য)।
১৫. উপ-পরিচালক (উপসচিব), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা
১৬. সহকারী পরিচালক (সকল), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
১৭. জেলা শিক্ষা অফিসার, ……….................(সকল)।
১৮. উপজেলা নিবাহী অফিসার, ……….................. (সকল)।
১৯. প্রোগ্রামার, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, থানমন্ডি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
২০. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ………………….. (সকল)।
২১. হিসাবরক্ষণ কর্মকর্তা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।

R Jahan
25/02/2021

(রেজওয়ানা আক্তার জাহান)
সহকারী পরিচালক (প্রশাসন)
ফোন : ০২-৫৫০০০৪২৭
ই-মেইল : ad.admin@pmeat.gov.bd

# ই-ভর্তি সহায়তা সিস্টেম ব্যবহার নির্দেশিকা


ভার্সন ১.১

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট উপবৃত্তি বিতরণের পাশাপাশি দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণে ভর্তি সহায়তা প্রদান করে থাকে। এ লক্ষ্যে দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণে ভর্তি সহায়তা প্রদান নীতিমালা প্রণয়ন করা হয়। বর্তমানে দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণে মাধ্যমিক পর্যায়ে ৫,০০০.০০ টাকা, উচ্চ মাধ্যমিক পর্যায়ে ৮,০০০.০০ টাকা এবং স্নাতক ও সমমান পর্যায়ে ১০,০০০.০০ টাকা হারে ভর্তি সহায়তা প্রদান করা হচ্ছে। দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণে ভর্তি সহায়তা প্রদান নীতিমালা এর আলোকে ২০১৪-২০১৫ অর্থ বছর থেকে এ পর্যন্ত দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক এবং স্নাতক (পাস) ও সমমান পর্যায়ের শিক্ষার্থীদের মাঝে ভর্তি সহায়তা প্রদান করা হয়েছে।

২০২২ সাল থেকে উক্ত সেবা প্রাপ্তির লক্ষ্যে ই-ভর্তি সহায়তা সিস্টেম ব্যবহার নির্দেশিকা প্রণয়ন করা হয়। দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণে ভর্তি সহায়তা প্রাপ্তির জন্য http://www.eservice.pmeat.gov.bd/admission/ এ লিংকে প্রবেশ করতে হবে।

## ধাপ ০১:

আবেদন করার জন্য প্রথমে “রেজিষ্ট্রেশন” বাটনে ক্লিক করুন এবং চিত্র ০১-এ প্রদর্শিত তথ্য সঠিকভাবে পূরণ করতে হবে। শিক্ষার্থীর পূর্ণ নাম, অভিভাবকের পূর্ণ নাম, শিক্ষার্থীর জন্ম নিবন্ধন নম্বর (১৭ ডিজিডের জন্ম সনদ নম্বর), জন্ম তারিখ দিন এবং জেন্ডার সিলেক্ট করতে হবে। এবার **স্থায়ী ঠিকানা** বিভাগ, জেলা, সিটি কর্পোরেশন/পৌরসভা/উপজেলা (যে কোন একটি বাছাই করুন যারা পৌরসভা/উপজেলা সিলেক্ট করবেন তাদের সিটি কর্পোরেশন বাটনের প্রয়োজন নেই), পৌরসভা/উপজেলা, ইউনিয়ন/ওয়ার্ড পুরণ করতে হবে। তারপর **যোগাযোগের তথ্য** (মোবাইল নম্বর সবসময় সচল রাখতে হবে) ই-মেইল অ্যাড্রেস (যদি থাকে), মোবাইল নম্বর, পাসওয়ার্ড, পাসওয়ার্ড নিশ্চিতকরুণ। উক্ত ফরমের সকল তথ্য সঠিকভাবে করতে থাকলে “I’m not a robot” বাটনে ক্লিক করে “নিবন্ধন করুন” বাটনে ক্লিক করতে হবে।


ভর্তি সহায়তা
(দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীর জন্য)
অনলাইন আবেদন ব্যবস্থাপনা সিস্টেম

ভর্তি সহায়তা সিস্টেমের ব্যবহারকারী নিবন্ধন ফরম

[*] চিহ্নিত ঘরগুলো অবশ্যই পূরণ করতে হবে। সকল তথ্য ইউনিকোড বাংলায় পূরণ করুন।

ব্যবহারকারী নিবন্ধন তথ্য ছক

আপনি কি ○শিক্ষা প্রতিষ্ঠানপ্রধান ◉শিক্ষার্থী

নাম * — নাম
অভিভাবকের নাম * — অভিভাবকের নাম
জন্মনিবন্ধন নম্বর * — ১৭ ডিজিটের জন্ম সনদ নম্বর দিন
জন্ম তারিখ * — dd/mm/yyyy
জেন্ডার * — অনুগ্রহ করে নির্বাচন করুন

স্থায়ী ঠিকানা

বিভাগ * — অনুগ্রহ করে নির্বাচন করুন
জেলা * — অনুগ্রহ করে নির্বাচন করুন
পৌরসভা/কর্পোরেশন/উপজেলা * — অনুগ্রহ করে নির্বাচন করুন
সিটি কর্পোরেশন * — অনুগ্রহ করে নির্বাচন করুন
উপজেলা/পৌরসভা * — অনুগ্রহ করে নির্বাচন করুন
ইউনিয়ন/ওয়ার্ড * — অনুগ্রহ করে নির্বাচন করুন

যোগাযোগের তথ্য(মোবাইল নম্বর সবসময় সচল রাখতে হবে)

ইমেইল [যদি থাকে তবে নিচের ইমেইলটি কেটে দিয়ে লিখুন] — demo_61d6af33c5dca@pmeat.gov.bd
মোবাইল নম্বর * — মোবাইল নম্বর
পাসওয়ার্ড * — পাসওয়ার্ড
পাসওয়ার্ড নিশ্চিতকরণ * — পাসওয়ার্ড নিশ্চিতকরণ

Verification expired. Check the checkbox again.
I'm not a robot
reCAPTCHA
Privacy - Terms


☑ নিবন্ধন করুন

# চিত্র ০১: নিবন্ধন ফরম

সফটওয়্যার ডিজাইন এন্ড ডেভেলপমেন্ট করেছেন- রাজিবুল হাসান, প্রোগ্রামার, পিএমইএটি

## ধাপ ০২:


আবেদনের দ্বিতীয় ধাপে শিক্ষার্থীকর্তৃক প্রদানকৃত মোবাইল নম্বরে একটি “OTP” কোড (কোডটি পেতে ২-৩ মিনিট সময় লাগতে পারে) যাবে। OTP কোডটি চিত্র ০২-এ প্রদর্শিত নির্ধারিত ঘরে প্রদান করে “আমি রোবট নই” বাটনে ক্লিক করে “জমা দিন” বাটনে ক্লিক হবে।




**চিত্র ০২: OTP কোড প্রদান**

## ধাপ ০৩:


আবেদনের তৃতীয় ধাপে চিত্র ০৩-এ প্রদর্শিত “লগইন” বাটনে নিবন্ধন ফরমে ব্যবহারকৃত ই-মেইল অথবা জন্ম নিবন্ধন নম্বর দিয়ে আপনার প্রদানকৃত পাসওয়ার্ডটি ব্যবহার করে প্রবেশ করতে হবে।




**চিত্র ০৩:** লগইন

## ধাপ ০৪:


আবেদনের চতুর্থ ধাপে চিত্র ০৪-এ প্রদর্শিত শিক্ষার্থীর একাউন্টে লগইন করে “আবেদন করুন” বাটনে ক্লিক করতে হবে।




**চিত্র ০৪:** লগইনকৃত একাউন্ট

## ধাপ ০৫:

“আবেদন করুন” বাটনে ক্লিক করার পর শিক্ষার্থী ছবি, স্বাক্ষর, জন্ম নিবন্ধন এবং অভিভাবকের জাতীয় পরিচয়পত্র (প্রয়োজনীয় কাগজপত্রের ছবি/স্ক্যান কপি) চিত্র ০৫-এ প্রদর্শিত নির্ধারিত স্থানে আপলোড করে “সংরক্ষণ” বাটনে ক্লিক করতে হবে।




**চিত্র ০৫: প্রয়োজনীয় কাগজপত্র আপলোড**


# ধাপ ০৬:

আবেদনের পঞ্চম ধাপে চিত্র ০৫ এ প্রদর্শিত সকল তথ্য সঠিক ভাবে পূরণ করুন। **সাধারণ তথ্য :** বিজ্ঞপ্তির নম্বর, শিক্ষার্থীর জন্ম নিবন্ধন নম্বর এবং শিক্ষার্থীর নাম স্বয়ংক্রিয়ভাবে দেয়া থাকবে। এবার শিক্ষার্থীর জাতীয় পরিচয়পত্র (যদি থাকে), শিক্ষার্থীর পিতার নাম, পিতার জাতীয় পরিচয়পত্র নম্বর, মাতার নাম, মাতার জাতীয় পরিচয়পত্র নম্বর, শিক্ষার্থীর জন্ম তারিখ, জেন্ডার, বিভাগ, জেলা, সিটি কর্পোরেশন/পৌরসভা/উপজেলা (যে কোন একটি বাছাই করুন যারা পৌরসভা/উপজেলা সিলেক্ট করবেন তাদের সিটি কর্পোরেশন বাটনের প্রয়োজন নেই), পৌরসভা/উপজেলা, ইউনিয়ন/ওয়ার্ড এবং গ্রাম নাম লিখতে হবে।

**অভিভাবকের তথ্য** : কোটা (প্রতিবন্ধী শিক্ষার্থী, এতিম শিক্ষার্থী, নদীভাঙ্গন কবলিত এলাকা, মুক্তিযোদ্ধা পরিবাবেরর সদস্য যে কোন একটি সিলেক্ট করতে হবে), অভিভাবকের পেশা, শিক্ষাগত যোগ্যতা, জমির পরিমাণ, বার্ষিক আয় এবং পরিবারের সদস্য সংখ্যা দিতে করতে হবে।

**ভর্তিকৃত প্রতিষ্ঠানের তথ্য :** ভর্তিকৃত প্রতিষ্ঠানের বিভাগ, জেলা, উপজেলা, শিক্ষা স্তর, ভর্তিকৃত শ্রেণি, ভর্তিকৃত প্রতিষ্ঠানের নাম, ইআইআইএন নম্বর, সর্বশেষ পঠিত শ্রেণি (ভর্তিকৃত শ্রেণির পূর্বের শ্রেণি), জিপিএ স্কেল এবং সর্বশেষ পরীক্ষায় প্রাপ্ত জিপিএ প্রদান করতে হবে।

**মোবাইল ব্যাংকিং একাউন্টের তথ্য:** ব্যাংকিং এর ধরণ (মোবাইল ব্যাংকিং) সিলেক্ট করতে হবে। একাউন্টটি কার (যার একাউন্ট নম্বর ব্যবহার করছেন যেমন, নিজ/পিতা/মাতা), নগদ একাউন্ট নম্বর (একাউন্টটি যার নামে খোলা হয়েছে তার নাম ইংরেজীতে লিখতে হবে), এবং হিসাবধারীর জাতীয় পরিচয়পত্র নম্বর প্রদান করে “সংরক্ষণ” বাটনে ক্লিক করতে হবে।




**চিত্র ০৬: আবেদন ফরম**

সফটওয়্যার ডিজাইন এন্ড ডেভেলপমেন্ট করেছেন- রাজিবুল হাসান, প্রোগ্রামার, পিএমইএটি

# ধাপ ০৭:

চিত্র ০৬-এ প্রদর্শিত চিত্রের ন্যায় শিক্ষার্থীরা তাদের সরবরাহকৃত তথ্যাদি দেখতে পাবে। “সংরক্ষণ” বাটনে ক্লিক করলে আপনার পুরণকৃত ফরমটি সম্পুন্ন একসাথে দেখতে পারবে এবং প্রদর্শিত তথ্যসমূহে কোন ত্রুটি থাকলে “পরিবর্তন” বাটনে ক্লিক করে তথ্য পরিবর্তন করতে পারবে। আর যদি সকল তথ্য সঠিকভাবে পুরণ করা হয়ে থাকে তবে “প্রথম ধাপের চূড়ান্ত দাখিল” বাটনে ক্লিক করতে হবে।





**চিত্র ০৭:** সরবরাহকৃত তথ্যসমূহ প্রদর্শন

সফটওয়্যার ডিজাইন এন্ড ডেভেলপমেন্ট করেছেন- রাজিবুল হাসান, প্রোগ্রামার, পিএমইএটি


# ধাপ ০৮:

চিত্র ০৭-এ প্রদর্শিত চিত্রের প্রদর্শিত স্থানে শিক্ষা প্রতিষ্ঠানকর্তৃক প্রদানকৃত প্রত্যায়ন অথবা সুপারিশের কপি আপলোড করে “সংরক্ষণ” বাটনে ক্লিক করুন।




**চিত্র ০৮: শিক্ষা প্রতিষ্ঠানের প্রত্যয়ন/সুপারিশ আপলোড**

"সংরক্ষণ" বাটনে ক্লিক করার পর চিত্র ০৮-এ প্রদর্শিত "পিডিএফ ডাউনলোড করুন" বাটনে কিল্ক করতে হবে। উক্ত পিডিএফ ফাইলটি শিক্ষার্থীদের অবশ্যই সংরক্ষণ করতে হবে। পিডিএফ ফাইল ডাউনলোড করতে কোন সমস্যা হলে ট্রাস্ট বরাবর যোগাযোগ করতে হবে।


ভর্তি সহায়তা
(দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীর জন্য)
অনলাইন আবেদন ব্যবস্থাপনা সিস্টেম

ড্যাশবোর্ড আবেদন করুন

ইসরাত জাহান

পিডিএফ ডাউনলোড করুন

আবেদন নম্বর: ২০২১০১১১০১০৪৬২২০১১০১২১৯১৬৩২

সাধারণ তথ্য

- নাম: ইসরাত জাহান
- জন্ম তারিখ: ৯৮৭৪৫৬৩২১১২৩৬০০০০
- জাতীয় পরিচয়পত্র নম্বর:
- পিতার নাম: মো. হারুন অর রশিদ
- মাতার নাম: মোছা. নার্গিস আক্তার
- জন্ম তারিখ: ২০০৮-০১-৩১

- বিভাগ: বরিশাল
- জেলা: পটুয়াখালী
- উপজেলা: বাউফল
- ইউনিয়ন: কালাইয়া
- গ্রাম: কালাইয়া

অভিভাবকের আর্থসামাজিক অবস্থা

| | |
|---|---|
| পারিবারিক অবস্থা | নদীভাঙন কবলিত এলাকার শিক্ষার্থী |
| অভিভাবকের পেশা | কৃষক |
| অভিভাবকের শিক্ষা | ক্লাস ফাইভ পাস |
| অভিভাবকের জমির পরিমাণ | ৫ |
| অভিভাবকের বার্ষিক আয় | ১০০০০০.০০ |
| পরিবারের সদস্য সংখ্যা | ৫ |

ভর্তিচ্ছু প্রতিষ্ঠানের তথ্য

| | |
|---|---|
| ভর্তিচ্ছুক প্রতিষ্ঠানের বিভাগ | বরিশাল |
| ভর্তিচ্ছুক প্রতিষ্ঠানের জেলা | বরিশাল |
| ভর্তিচ্ছুক প্রতিষ্ঠানের উপজেলা | উজিরপুর |
| শিক্ষাস্তর | উচ্চ-মাধ্যমিক |
| ভর্তিচ্ছুক শ্রেণি | ১১তম শ্রেণি |
| ভর্তি ইচ্ছুক প্রতিষ্ঠানের নাম | বিকে মাধ্যমিক বিদ্যালয় |
| ইআইআইএন নম্বর | ১০১০৪৬ |
| সর্বশেষ পঠিত শ্রেণি | ১০ম শ্রেণি/এসএসসি |
| সর্বমোট সর্বশেষ জিপিএ | ৫.০০ |
| সর্বশেষ প্রাপ্ত জিপিএ | ৫.০০ |

শিক্ষার্থী/অভিভাবকের ব্যাংক একাউন্টের তথ্য

| | |
|---|---|
| একাউন্টটি কার? | নিজ |
| ব্যাংকের নাম | বিকাশ |
| ব্যাংকের শাখা | বিকাশ হেড অফিস |
| একাউন্টের নাম | Alia |
| একাউন্ট নম্বর | ০১৭৩৬৩২৭৫৬২ |
| হিসাবধারীর এনআইডি | ৮০০০০০১২৩৪ |
| রাউটিং নম্বর | ৬০২৬৫৫৫৪ |
| ইআইআইএন | ১০১০৪৬ |

আবেদনকারীর স্বাক্ষর: Alia

**চিত্র ০৯: পিডিএফ ফাইল**

*******সমাপ্ত*******

সফটওয়্যার ডিজাইন এন্ড ডেভেলপমেন্ট করেছেন- রাজিবুল হাসান, প্রোগ্রামার, পিএমইএটি